

... 028

### প্রাক-প্রাথমিক শিক্ষাকে অনুমোদন দানের দাবী

॥ স্টাফ রিপোর্টার ॥

বাংলাদেশ কিওয়ার গার্টেন সমিতির সভাপতি এডভোকেট আবদুল্লাহ আল নাসের সরকারীভাবে প্রাক-প্রাথমিক শিক্ষকদের প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপন, সরকার কর্তৃক প্রাক-প্রাথমিক শিক্ষাকে আনুষ্ঠানিক অনুমোদন প্রদান এবং জাতীয় শিক্ষাক্রম ও টেক্সট বুক বোর্ড কর্তৃক গঠিত কিওয়ার গার্টেন পাঠ্যক্রম কমিটিতে সমিতির প্রতিনিধি আস্তর্ভুক্তির দাবী জানিয়েছেন। গতকাল জাতীয় প্রেস ক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে জনাব নাসের এ দাবী জানান। জনাব আবদুল্লাহ আল নাসের বলেন, উন্নত দেশগুলোতে প্রাক-প্রাথমিক (কিওয়ার গার্টেন, মণ্ডেসরী ও নার্সারী) শিক্ষাকে সর্বাধিক গুরুত্ব দেয়া হয়েছে।